ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪১৬

আগরতলা, ১৮ আগস্ট, ২০২৫

**জিবিপি হাসপাতালের নিউরোলজি বিভাগে অভাবনীয় সাফল্য:**
**জটিল সিআইডিপি রোগীর সফল চিকিৎসা**




মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার আন্তরিকতা ও দূরদৃষ্টি সম্পন্ন উদ্যোগের ফলে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি বিভাগে প্রভূত উন্নত সাধন হয়েছে যার ফলস্বরূপ জটিল স্নায়বিক রোগের চিকিৎসায় এক নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডাঃ) তপন মজুমদার এবং জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ শঙ্কর চক্রবর্তী'র নিরন্তর তদারকি ও প্রচেষ্টায় হাসপাতালটি রাজ্যের চিকিৎসা পরিষেবায় এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজি বিভাগে গত ৪ আগস্ট ৬০ বছর বয়স এক রোগী ভর্তি হন, যিনি হাঁটতে পারছিলেন না এবং তাঁর ভারসাম্য গুরুতরভাবে বিঘ্নিত হয়েছিল। ভর্তি করার পর তিনি জানান তিনি একজন ডায়াবেটিক রোগী। নিউরোলজি বিভাগের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ অবিলম্বে রোগীর জন্য এমআরআই স্পাইন এবং এনসিভি টেস্টের পরিকল্পনা করেন। ডাঃ আবির লাল নাথ এবং ডাঃ অর্পণ মিত্র সিআইডিপি প্রোটোকল অনুযায়ী এই পদক্ষেপ গ্রহণ করেন। চিকিৎসকরা রোগীকে বুঝিয়ে বলেন যে, তাঁর স্নায়ুগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এনসিভি টেস্টের মাধ্যমে সেটির বিস্তারিত তথ্য পাওয়া যাবে। এনসিভি রিপোর্ট প্রায় স্বাভাবিক এলেও রোগীর ক্লিনিক্যাল অবস্থা চিকিৎসকদের ভাবিয়ে তোলে। দেরি না করে রোগীকে আইভিআইজি দেওয়ার সিদ্ধান্ত নেন। আয়ুষ্মান কার্ডের মাধ্যমে প্রায় ৩ লক্ষ টাকার এই গুরুত্বপূর্ণ ওষুধ বিনা খরচে রোগীকে দেওয়া হয়। ধীরে ধীরে তাঁর ভারসাম্য ফিরে এলো, তিনি দাঁড়াতে পারলেন। একদিন সকালে দেখা যায়, তিনি ফিজিওথেরাপির সহায়তায় হাঁটার চেষ্টা করছেন। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের নিউরোলজিস্ট ডিপার্টমেন্টের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডাঃ আবির লাল নাথ-এর নেতৃত্বে নিউরোলজিস্ট ডাঃ অর্পণ মিত্র সহ অন্যান্য স্বাস্থ্যকর্মী এবং ফিজিওথেরাপিস্টদের এই সফল চিকিৎসায় রোগী তাঁদের হৃদয় থেকে ধন্যবাদ জানান। তাঁরা গেট থেরাপি চালিয়ে যাওয়ার পরিকল্পনা করেন। রোগী এক নতুন আশা নিয়ে বাড়ি ফিরলেন।

******